



পল্লী সঞ্চয় ব্যাংক  
প্রধান কার্যালয়  
রেডক্রিস্টে বোরাক টাওয়ার (লেভেল ৮-১০)  
৩৭/৩/এ, ইঞ্জিনিয়ারিং গার্ডেন রোড, ঢাকা-১০০০।  
www.pallisanchaybank.gov.bd

৮৩ মার্চ  
১৫/৩/২০

নির্দেশ বিজ্ঞপ্তি নং-ফ্যাম্ব্য/প্রকা/প্রশা-১১৭/২০২২-২৩/ ১০১১৭

তারিখঃ ২৩/০৩/২০২৩ খ্রি।

বিভাগীয় প্রধান/জেলা (আঞ্চলিক) কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/শাখা ব্যবস্থাপক  
পল্লী সঞ্চয় ব্যাংক  
প্রধান কার্যালয়/ জেলা (আঞ্চলিক) কার্যালয়/সকল শাখা।

বিষয়ঃ শান্তি বিনোদন ছুটির নীতিমালা জারি প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

শিরোনামে বর্ণিত বিষয়ে আপনাদের দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের ৩০ সেপ্টেম্বর ২০২১ তারিখের ৫৩,০০,০০০০,৩২২,৯৯,০০২,২১-১৮৭ নম্বর স্মারকমূলে প্রেরিত পত্রের পরিপ্রেক্ষিতে পল্লী সঞ্চয় ব্যাংক (কর্মকর্তা/কর্মচারী) শান্তি বিনোদন ছুটি ও ভাতা মঙ্গুরী নীতিমালা, ২০২১ এতদ্বারা জারি করা হলো।

আপনার বিশ্বস্ত,

খান ইকবাল হোসেন  
উপ-ব্যবস্থাপনা পরিচালক

সংযুক্তিঃ ১) মন্ত্রণালয়ের পত্র।  
২) শান্তি বিনোদন ছুটির নীতিমালা।

প্রস্বর্য/প্রকা/প্রশা-১১৭/২০২২-২৩/

তারিখঃ ২৩/০৩/২০২৩ খ্রি।

অনুলিপি: সদয় জাতার্থে/কার্যার্থে

- পি এস টু চেয়ারম্যান, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- স্টাফ অফিসার টু ব্যবস্থাপনা পরিচালক, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- স্টাফ অফিসার টু উপ-ব্যবস্থাপনা পরিচালক, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- স্টাফ অফিসার টু মহাব্যবস্থাপকের দপ্তর, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- অফিস নথি/মহানথি।

ইলিয়াস মোহাম্মদ মাসুম বিলাহ  
উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অর্থ মন্ত্রণালয়  
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ  
বিশেষায়িত ব্যাংক-২ শাখা  
[www.fid.gov.bd](http://www.fid.gov.bd)



নম্বর-৫৩,০০,০০০০,৩২২,৯৯,০০২,২১-১৮৭

২২ আগস্ট ১৪২৮

তারিখ:-----

৩০ সেপ্টেম্বর ২০২১

বিষয় : পল্লী সঞ্চয় ব্যাংকের (কর্মকর্তা-কর্মচারী) শ্রান্তি ও বিনোদন ছুটি ও ভাতা মঙ্গুরি।

সূত্র: পল্লী সঞ্চয় ব্যাংকের পত্র নম্বর-পসব্য/প্রকা/প্রশা-১১৭/২০২১-২২/৪৮৬ তারিখ: ১২.০৯.২০২১

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে অর্থ বিভাগ কর্তৃক জারিকৃত ব্যাংক, বীমা ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের জন্য প্রণীত জাতীয় বেতনস্কেল ২০১৫ এর অনুচ্ছেদ ১৮ অনুসরণে পল্লী সঞ্চয় ব্যাংকের কর্মকর্তা/কর্মচারীদের শ্রান্তি ও বিনোদন ছুটি ও ভাতা মঙ্গুরি প্রদানের বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

শেখ সিদ্দিকুর রহমান ৩০.০৯.২০২১  
সিনিয়র সহকারী সচিব  
ফোন: ৯৫৮৪২৪৪  
e-mail: prony7@gmail.com

✓ ব্যবস্থাপনা পরিচালক


পল্লী সঞ্চয় ব্যাংক  
প্রধান কার্যালয়  
ঢাকা।

নম্বর-৫৩,০০,০০০০,৩২২,৯৯,০০২,২১-১৮৭


তারিখ : ৩০.০৯.২০২১

সদয় জাতার্থে:

সচিবের একান্ত সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।



শেখ সিদ্দিকুর রহমান  
সিনিয়র সহকারী সচিব





## পল্লী সঞ্চয় ব্যাংক

প্রধান কার্যালয়

রেড ক্লিসেন্ট মোরাক টাওয়ার (লেভেল-৮)

৩৭/৩/এ, ইক্সটন গার্ডেন রোড

ঢাকা-১০০০

[www.pallisanchaybank.gov.bd](http://www.pallisanchaybank.gov.bd)



চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ২০১৫ এর অনুচ্ছেদ ১৮(১) এ উল্লেখিত শাস্তি বিনোদন ছুটি ও ভাতা মঙ্গুরী সংক্রান্ত নির্দেশনার আলোকে এবং পল্লী সঞ্চয় পল্লী ব্যাংক (কর্মকর্তা-কর্মচারী) চাকরি প্রবিধানমালা, ২০১৬ এর প্রবিধান ২৬(২) এর উদ্দেশ্য পূরণকল্পে, পরিচালনা বোর্ড, সরকারের অনুমোদনক্রমে, শাস্তি বিনোদন ছুটি ও ভাতা মঙ্গুরী সংক্রান্ত নীতিমালা প্রণয়ন করা হলো, যথা:-

- ১। **শিরোনাম ও প্রবর্তন।**-(১) এই নীতিমালা পল্লী সঞ্চয় ব্যাংক (কর্মকর্তা-কর্মচারী) শাস্তি বিনোদন ছুটি ও ভাতা মঙ্গুরী নীতিমালা, ২০২১ নামে অভিহিত হবে।  
(২) ইহা ১লা জুলাই, ২০২১ তারিখ হতে কার্যকর হবে।
- ২। **নীতিমালাসমূহ নিয়ন্ত্রণ, যথা:-**
  ১. ব্যাংকে যে সকল কর্মকর্তা-কর্মচারীর নিয়মিত চাকরিকাল ন্যূনতম ৫ (পাঁচ) বছর পূর্ণ হয়েছে এবং কমপক্ষে ৩০ (ত্রিশ) দিনের পূর্ণ বেতনে অর্জিত ছুটি পাওনা রয়েছে সে সকল কর্মকর্তা-কর্মচারী জ্যেষ্ঠতার ভিত্তিতে পর্যায়ক্রমে অনধিক ১৫ (পনের) দিনের শাস্তি বিনোদন ছুটি এবং ১ (এক) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ বিনোদন ভাতা হিসেবে প্রাপ্য হবেন।  
**ব্যাখ্যা-** সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারী যে মাসে ছুটিতে যাবেন সে মাসের অব্যবহিত পূর্ববর্তী মাসের শেষ আহরিত মূল বেতনের সমান অর্থ বিনোদন ভাতা হিসেবে প্রাপ্য হবে।
  ২. শাস্তি বিনোদন ছুটি সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীর পূর্ণ বেতনে অর্জিত ছুটির হিসাব হতে বিয়োজন করা হবে। এ ছুটির হিসাব কর্মকর্তা-কর্মচারীর সার্ভিস বইতে লিপিবদ্ধ করতে হবে।
  ৩. ছুটির প্রাপ্যতা সাপেক্ষে একজন কর্মকর্তা-কর্মচারীকে প্রতি ০৩ (তিনি) বছর অন্তর একবার এ ছুটি মঙ্গুর করা যাবে।
  ৪. দাপ্তরিক কর্মকাণ্ড সুষ্ঠুভাবে সম্পাদনে এবং গ্রাহক সেবায় যেন ব্যাধাত সৃষ্টি না হয় সেদিকে সজাগ দৃষ্টি রেখে বিভাগ/কার্যালয়/শাখাসমূহে কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের মোট সংখ্যার সর্বোচ্চ এক-পঞ্চমাংশের বেশী একসাথে শাস্তি বিনোদন ছুটি প্রদান করা যাবে না। এক্ষেত্রে বিভাগ/কার্যালয়/শাখাসমূহ পদবিওয়ারী জ্যেষ্ঠতার ভিত্তিতে আবেদন বিবেচনা করবে:

তবে শর্ত থাকে যে, কর্তৃপক্ষ যে কর্মকর্তা-কর্মচারীর ছুটি আবশ্যিক বিবেচনা করবেন তাকে অবশ্যই ছুটিতে যেতে হবে।

৫. একাধিক কর্মকর্তা-কর্মচারী একত্রে এ ছুটির প্রাপ্যতা অর্জন করলে জ্যেষ্ঠতার ভিত্তিতে এবং পর্যায়ক্রমে তা মঙ্গুর করা যাবে। তবে যে সমস্ত কর্মকর্তা-কর্মচারী অবসর উত্তর ছুটি (পিআরএল)/চাকরি হতে অবসর গ্রহণ নিকটবর্তী তাদেরকে শাস্তি বিনোদন ছুটি ও ভাতা মঙ্গুরির ক্ষেত্রে অগ্রাধিকার প্রদান করা যাবে।
৬. অবসর উত্তর ছুটিতে গমগকারী কর্মকর্তা-কর্মচারীদের ক্ষেত্রে এ ছুটি ও ভাতা প্রযোজ্য হবে না।
৭. কার্যালয়/শাখা পর্যায়ে বিভিন্ন ধরণের জাল-জালিয়াতি রোধ, অভ্যন্তরীণ ঝুঁকি হাস, কর্মক্ষেত্রে কোন কর্মকর্তা-কর্মচারীর অপরিহার্যতা রোধ, ইত্যাদি বিবেচনায় কর্তৃপক্ষ স্ব-উদ্যোগে সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীকে শাস্তি বিনোদন ছুটি ও ভাতা মঙ্গুর করতে পারবেন। ব্যাংকের স্বাভাবিক কাজকর্ম সুষ্ঠুভাবে অব্যাহত রেখে এ ছুটি মঙ্গুর করা যাবে।
৮. অর্ধ-বার্ষিক ও বার্ষিক হিসাব সমাপনীর কারণে ১৬ ডিসেম্বর হতে ১৫ জানুয়ারী এবং ১৬ জুন হতে ১৫ জুলাই সময়কালে সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীদের অনুকূলে এ ছুটি মঙ্গুর না করে পরবর্তী সময়ে মঙ্গুর করা যাবে; তবে অবসরোগ্র ছুটি আসন্ন কর্মকর্তা-কর্মচারীদের ক্ষেত্রে এ সময়সূচী শিখিল করা যাবে।

(আকবর হোসেন)  
বাংলাদেশ প্রিলক (অডিঃ সটি)  
পল্লী সঞ্চয় ব্যাংক  
প্রধান কার্যালয়, ঢাকা।

৯. যদি কোন কর্মকর্তা-কর্মচারী শান্তি বিনোদন ছুটি ও ভাতা মঙ্গুরি প্রাপ্ত হন, কিন্তু ব্যাংকের স্বার্থে তাকে তার আবেদনে উল্লেখিত সময়ে ছুটি ও ভাতা প্রদান করা সম্ভব না হয় সেক্ষেত্রে তাকে যথাশীঘ্ৰ সম্ভব পরবর্তী সময়ে এ ছুটি ও ভাতা মঙ্গুর করা যাবে:

তবে শর্ত থাকে যে, তিনি তার প্রথম আবেদনের ০৩ (তিনি) বছর পর পরবর্তী ছুটি ও ভাতা প্রাপ্তির যোগ্য হবেন।

১০. অস্থায়ী কিংবা ছুক্তি ভিত্তিক নিয়োজিত কর্মকর্তা-কর্মচারীদের ক্ষেত্রে শান্তি বিনোদন ছুটি ও ভাতা প্রযোজ্য হবে না।

১১. কোন কর্মকর্তা-কর্মচারীর বিরুদ্ধে বিভাগীয় শৃংখলাজনিত মোকদ্দমা চলমান থাকলে তিনি এ ছুটি প্রাপ্ত হবেন না। তবে শৃংখলাজনিত মোকদ্দমা নিষ্পত্তি হলে যথাযীতি শান্তি বিনোদন ছুটি ও ভাতা প্রাপ্ত হবেন।

১২. কর্মকর্তা-কর্মচারীর ছুটিকালীন দায়িত্ব পালনের বিষয়টি শান্তি বিনোদন ছুটি ও ভাতা মঙ্গুরির ক্ষমতাপ্রাপ্ত সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত হবে।

১৩. শান্তি বিনোদন ছুটি ভোগকারী কর্মকর্তা-কর্মচারী অন্যত্র বদলী হলে এলপিসিতে শান্তি বিনোদনসহ অন্যান্য ছুটি ভোগের বিবরণ উল্লেখ করতে হবে।

১৪. কর্মকর্তা-কর্মচারীগণ শান্তি বিনোদন ছুটি ও ভাতার জন্য অনুমোদনকারী কর্তৃপক্ষ বরাবর যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত ছকে (সংযুক্তি: ১) আবেদন করবেন।

১৫. *Bangladesh Services (Recreation Allowance) Rules, 1979*\* এর যে কোন সংশোধন, পরিবর্তন বা প্রিমার্জন স্বয়ংক্রিয়ভাবে এই নীতিমালার ক্ষেত্রে প্রযোজ্য হবে।

নিম্ন উল্লেখিত ক্ষমতা বিন্যাস অনুযায়ী শান্তি বিনোদন ছুটি ও ভাতা অনুমোদন করা হবে:

ক্রমিক নং	অনুমোদনকারী কর্তৃপক্ষ	কর্মকর্তা/কর্মচারীর পর্যায়
(১)	ব্যবস্থাপনা পরিচালক	৯ম ও তদুর্ধৰ প্রেডের কর্মকর্তা।
(২)	উপব্যবস্থাপনা পরিচালক	১০ম ও ১১ প্রেডের কর্মকর্তা
(৩)	মহাব্যবস্থাপক (প্রশাসন)	১২তম ও তদনিম্ন প্রেডের কর্মচারী

  
 (আকবর হোসেন)  
 ব্যবস্থাপনা পরিচালক (অতি: সচিব)  
 পাস্তী সঞ্চালন ব্যাংক  
 প্রধান কার্যালয়, ঢাকা।

তারিখ: ০০/০০/২০২৩ খ্রি.

বরাবর,  
ব্যবস্থাপনা পরিচালক  
পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়  
রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (লেভেল-৮-১০)  
৩৭/৩/এ, ইক্সট্রান গার্ডেন রোড, ঢাকা।

### বিষয়ঃ শান্তি বিনোদন ছুটি ও ভাতা মঙ্গলীর আবেদন।

মহোদয়,  
সমিয়ন নিবেদন এই যে, আমি নিয়ন্ত্রণকারী গত ..... তারিখ হতে স্থায়ীকরণকৃত কর্মকর্তা হিসেবে পল্লী সঞ্চয় ব্যাংকে কর্মরত আছি। পল্লী সঞ্চয় ব্যাংকের শান্তি বিনোদন ছুটি ও ভাতা মঙ্গলীর নীতিমালা অনুযায়ী প্রথম বার ৫ বছর পর পর শান্তি বিনোদন ছুটি ও ভাতার প্রাপ্ত্যা রয়েছে বিধায় শান্তি বিনোদন ছুটি ও ভাতা মঙ্গলীর আবেদন করছি। এ বিষয়ে আমার যাবতীয় তথ্য নিম্নে উপস্থাপন করলামঃ

১. আবেদনের তারিখ	:
২. নাম ও পরিচিতি নং	:
৩. পদবী ও কর্মসূল	:
৪. ব্যাংকের চাকুরিতে যোগদানের তারিখ	:
৫. বর্তমান পদের প্রেত ও ক্ষেত্র	:
৬. বর্তমানে মূল বেতন	:
৭. আবেদনের তারিখে ব্যাংকে মোট চাকুরি কাল	:
৮. ইতোপূর্বে শান্তি বিনোদন ছুটি মঙ্গলীর তারিখ ও ছুটির ভোগের তারিখ	:
৯. আবেদনকৃত শান্তি বিনোদন ছুটির সময়কাল	:
১০. ছুটিতে থাকাকালীন পূর্ণ টিকানা	:
১১. কার নিকট কার্যভার হস্তান্তর করা হবে (ছুটিভোগরত সময়)	:

অতএব, মহোদয়ের নিকট আকুল আবেদন এই যে, আমাকে পল্লী সঞ্চয় ব্যাংকের শান্তি বিনোদন ছুটি ও ভাতা মঙ্গলীর নীতিমালা অনুযায়ী আগামী ..... থেকে ..... তারিখ পর্যন্ত অথবা ছুটি ভোগের তারিখ হতে ১৫ (পনের) দিনের শান্তি বিনোদন ছুটিসহ ০১ (এক) মাসের মূল বেতনের সমপরিমান অর্থ ভাতা হিসাবে মঙ্গলী প্রদানের জন্য মহোদয়ের নিকট বিনোদন করছি।

সুপারিশকারী  
তারিখ ও সীল

আবেদনকারীর স্বাক্ষর  
তারিখ ও সীল

### নিয়ন্ত্রণকারী কর্মকর্তার সপারিশঃ

আবেদনকারীর উপরোক্ত তথ্যাদি সঠিক আছে। তিনি ব্যাংকের একজন নিয়মিত এবং স্থায়ী কর্মকর্তা। আবেদনকারীকে উল্লেখিত সময়ে ছুটি প্রদান করা হলে শাখার দাপ্তরিক কর্মকাণ্ড সুষ্ঠভাবে সম্পাদনে ব্যাঘাত সৃষ্টি হবে না।

এমতাবস্থায়, নীতিমালার সকল শর্ত পূরণ হওয়া সাপেক্ষে তাকে ..... থেকে ..... তারিখ পর্যন্ত ১৫ (পনের) দিনের শান্তি বিনোদন ছুটি এবং পূর্ববর্তী মাসের আহরিত মূল বেতনের সমপরিমান অর্থ ভাতা হিসেবে ..... টাকা মাত্র বিনোদন ভাতা বরাদ্দ মঙ্গলীর সুপারিশ করা হলো।

নিয়ন্ত্রণকারী কর্মকর্তার স্বাক্ষর  
তারিখ ও সীল

## প্রত্যায়ন পত্র

এই মর্মে প্রত্যায়ন করা যাচ্ছে যে, জনাব .....,, পরিচিতি নং....., পদবী.....কর্মসূল ..... এর নামে কোন ধরণের অডিট অপত্তি নেই/.....টাকা অডিট আপত্তি যা ইতোমধ্যে পরিশোধ করছে। তিনি ০০/০০/২০২৩ তারিখ পর্যন্ত ...দিন অর্জিত ছুটি ভোগ করেছে/কোন প্রকার অর্জিত ছুটি ভোগ করেনি।

কম্পিউটার অপারেটর/ক্যাশ সহকারীর  
স্বাক্ষর ও নামসহ সিল

শাখা ব্যবস্থাপক/জেলা (আঞ্চলিক) দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা  
স্বাক্ষর ও নামসহ সিল